আজকের কাগজ

তারিখ 20 OCT 1993
পৃষ্ঠা ৪ কলাম ২

97

## গার্হস্থ্য অর্থনীতি কলেজের ছাত্রীদের শিক্ষাজীবন বিপন্ন

সারা বাংলাদেশের মধ্যে একটি মাত্র মহিলাদের জন্যে গার্হস্থ্য বিষয়ক কলেজ রয়েছে। এ কলেজের শিক্ষা জীবন বর্তমানে অন্ধকারে নিমজ্জিত। ফলে অতীতের সকল সুনাম ক্ষুণ্ন হচ্ছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে যতগুলো



কলেজ আছে তার মধ্যে সবচেয়ে উল্লেখযোগ্য ফলাফল এ কলেজ করে থাকে। এ কলেজটিতে কমপক্ষে প্রতিবছর ৫টি বিভাগ থেকে ৬০টি প্রথম শ্রেণী পায়। তাই ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফলাফল ফেলে তারা সন্তোষজনক হয়ে এ কলেজটিকে বিশ্ববিদ্যালয়ের বিভাগ করতে চাচ্ছেন। কিন্তু কিছু সংখ্যক শিক্ষিকার নিজ স্বার্থের জন্যে এই কলেজের ভবিষ্যত জিম্মি হয়ে আছে। তারা তাদের স্বার্থের জন্যে হাজার হাজার ছাত্রীর ভবিষ্যত অন্ধকারের দিকে ঠেলে দিচ্ছে। এ কলেজের অনেকেরই বিশ্ববিদ্যালয়ের শিক্ষিকা হবার কোনো যোগ্যতা নেই, তাই তারা চাচ্ছেন না যে, এটি বিশ্ববিদ্যালয়ের বিভাগ হোক। এদিকে সারা বাংলাদেশের কলেজগুলোর পাস সাবসিডিয়ারীর ফরম ফিলাপ হয়ে গেছে, কিন্তু এ কলেজের এখনও তা হয়নি। শুধুমাত্র কলেজের কর্তৃপক্ষের গাফলতির কারণে এমন হচ্ছে। এ ব্যাপারে কলেজের ছাত্রীরা কিছু কর্মসূচি হাতে নিয়েছে।

যদি কোনো কারণে এটি বিশ্ববিদ্যালয়ের বিভাগ না হয়, তবে তারা ক্লাস বর্জন করবে। রাজধানীর পথে মিছিল নামাবে এবং প্রেসক্লাবে অনশন করবে। কলেজের ছাত্রীদের পক্ষ থেকে মাননীয়া প্রধানমন্ত্রী এবং শিক্ষামন্ত্রীর এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষের কাছে বিনীত নিবেদন তারা যেন কলেজটির প্রতি সুনজর দেন।

*গার্হস্থ্য অর্থনীতি কলেজের ছাত্রীবৃন্দ।*